



তথ্যবিবরণী

নম্বর: ৪৫

**মধুপুর-ময়মনসিংহ জাতীয় মহাসড়ক (এন ৪০১) যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ  
শীর্ষক প্রকল্পের অগ্রগতি বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত**

ময়মনসিংহ (০৩ এপ্রিল, ২০২৩ খ্রি.):

আজ ৩ এপ্রিল সোমবার সকাল ১১ টায় ময়মনসিংহ জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে জেলা প্রশাসন কর্তৃক ‘মধুপুর-ময়মনসিংহ জাতীয় মহাসড়ক (এন-৪০১) যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ’ শীর্ষক প্রকল্পের অগ্রগতি বিষয়ক এক মতবিনিময় সভা আয়োজন করা হয়। জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান এর সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি।

সভায় মতবিনিময়কালে সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি ময়মনসিংহে এ প্রকল্প সংশ্লিষ্ট সরকারি দপ্তরের কাছ থেকে প্রকল্পের অগ্রগতি সম্পর্কে জানতে চান এবং সে মোতাবেক নির্দেশনা প্রদান করেন। এসময় প্রতিমন্ত্রী প্রকল্প প্রত্যাশী সংস্থা ময়মনসিংহ সড়ক ও জনপথ বিভাগ এবং প্রকল্পের মূল্যাঙ্ক সংগ্রহের জন্য অনুযঞ্জী সাব-রেজিস্ট্রার, গণপূর্ত বিভাগ ও বন বিভাগকে বিশেষ নির্দেশনা প্রদানপূর্বক সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের উপস্থিত কর্মকর্তাগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন। এ প্রকল্প সম্পন্ন হলে মধুপুর-ময়মনসিংহ মহাসড়ক আরো নিরাপদ ও যোগাযোগ বান্ধব হবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন প্রতিমন্ত্রী।

উল্লেখ্য, ময়মনসিংহ সদর ও মুক্তাগাছা উপজেলার অন্তর্ভুক্ত মোট ১৬টি মৌজার বিপরীতে এ প্রকল্পে জমির পরিমাণ ৬৩.৭৪৭০ একর।

প্রকল্প অগ্রগতি বিষয়ক সভায় ময়মনসিংহ সড়ক ও জনপদ বিভাগের নির্বাহী প্রকৌশলী কে বি এম সাদ্দাম হোসেন, ময়মনসিংহ গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীর পক্ষে এ বি এম আশরাফুজ্জামান, ময়মনসিংহ বিভাগীয় বন কর্মকর্তা আব্দুল ওয়াদুদ, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পারভেজুর রহমান, মুক্তাগাছা উপজেলা নির্বাহী অফিসার এ কে এম লুৎফর রহমান, ময়মনসিংহ সদর উপজেলার সাব রেজিস্ট্রার মোঃ দেলোয়ার হোসেন খন্দকার, ময়মনসিংহ সড়ক ও জনপথ অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ রাশেদুল আলম, ময়মনসিংহ গণপূর্ত সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী এ কে এম কামরুজ্জামান, ভূমি অধিগ্রহণ কর্মকর্তাসহ সরকারি দপ্তরের আরো অনেকেই উপস্থিত ছিলেন।

#

মনির/রিদওয়ান/ফয়সাল/সজিব/২০২৩/১৪:৪০ ঘণ্টা